গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ঢাকা ক্যান্টনমেন্ট।
www.dmlc.gov.bd

নং-২৩.২২.০০০০.০১৮.১১.১২৩.২১-৩১৩

তারিখ: ১৭ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ
০১ সেপ্টেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন সেনানিবাসে ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত প্রতিষ্ঠানসমূহে বিদ্যমান নিম্নবর্ণিত শূন্য পদে নিয়োগের জন্য নির্ধারিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্র. নং | পদের নাম | গ্রেড নং | শূন্য পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা) | ১০ | ০১ | ন্যূনতম ২.৫ জিপিএ/সমমানের স্নাতক ডিগ্রিসহ বিপিএড। সমগ্র শিক্ষা জীবনে ০১টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/জিপিএ ২.৫ এর নীচে গ্রহণযোগ্য নহে। |
| ২. | সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | ১০ | ০৩ | ন্যূনতম ২.৫ জিপিএ/সমমানের স্নাতক ডিগ্রি। সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক পর্যায় পর্যন্ত পাঠ্য অথবা কম্পিউটার বিষয়ে স্বীকৃত প্রতিষ্ঠান হতে একাধিক কোর্সে ন্যূনতম ০১ (এক) বছর মেয়াদি প্রশিক্ষণ কোর্স সম্পন্ন হতে হবে। সমগ্র শিক্ষা জীবনে ০১টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/জিপিএ ২.৫ এর নীচে গ্রহণযোগ্য নহে। |
| ৩. | জুনিয়র শিক্ষক (চারু ও কারুকলা) | ১১ | ০১ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে চারুকলায় স্নাতক ডিগ্রি/সমমানের ডিগ্রি। |
| ৪. | জুনিয়র শিক্ষক | ১১ | ১০ | ন্যূনতম ২.৫ জিপিএ/সমমানের স্নাতক ডিগ্রি। সমগ্র শিক্ষা জীবনে ০১টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/জিপিএ ২.৫ এর নীচে গ্রহণযোগ্য নহে। |
| | | মোট = | ১৫ | |

# শর্তাবলী

১। প্রার্থীর বয়স **২৫ মার্চ, ২০২০** তারিখে সর্বোচ্চ ৩০ বছর। প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর।

২। প্রার্থীর আবেদনপত্র শুধুমাত্র অনলাইনেই গ্রহণ করা হবে। সরাসরি/ডাকযোগে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৩। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ **https://job.shmrmi.gov.bd** ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত বিস্তারিত তথ্য ও নিয়মাবলী **https://job.shmrmi.gov.bd** ও **www.dmlc.gov.bd** ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:-

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ: **০৫ সেপ্টেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ।**

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ: **১০ অক্টোবর, ২০২১ খ্রিস্টাব্দ।**

**Online**-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু **Online**-এ আবেদনপত্র **Submit** করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। Online**-এ আবেদনপত্র **Submit** করার পরে তথ্য পরিবর্তনের কোন সুযোগ নেই।

**Online**-এ আবেদনপত্র **Submit** করার পরে স্বয়ংক্রিয়ভাবে **SMS** এর মাধ্যমে **USER ID** আবেদন পত্রে উল্লেখিত মোবাইল নম্বরে প্রেরণ করা হবে।

খ. **Online**-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন সদ্য তোলা ছবি **(৩০০×৩০০) pixel** ও স্বাক্ষর **(১৮০×৮০) pixel** স্ক্যান করে নির্ধারিত স্থানে **Upload** করবেন, যেটার সর্বোচ্চ সাইজ হবে **২০০ কেবি।**

গ. উক্ত সময়সীমার মধ্যে **User ID** প্রাপ্ত প্রার্থীগণ **Online**-এ আবেদনপত্র **Submit**-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে যে কোন নগদ একাউন্টের নম্বর থেকে **https://job.shmrmi.gov.bd ওয়েবসাইটের PAYMENT** অপশনে গিয়ে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

ঘ. আবেদন ফি জমা হবার পরে, আবেদন পত্রে উল্লেখিত ইমেলে স্বয়ংক্রিয়ভাবে প্রার্থীর **Online**-এ পূরণকৃত আবেদনপত্রের একটি ভেরিফাইড কপি প্রেরণ করা হবে যা প্রিন্ট করে যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি প্রার্থীর মোবাইল ফোনে **SMS** এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে এবং পূর্বে প্রেরিত **User ID** ব্যবহার করে **ADMIT CARD** ডাউনলোডের জন্য **https://job.shmrmi.gov.bd** ওয়েবসাইটের **ADMIT CARD** অপশন থেকে ডাউনলোড করা যাবে। পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পেমেন্টের তথ্য, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত ডাউনলোডকৃত প্রবেশপত্রটি প্রার্থী রঙ্গিন **Print** করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

চ. **Online** আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, **SMS** পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. **Online** এ আবেদনকৃত ভেরিফাইড আবেদনপত্রের ক্ষেত্রে প্রার্থী যদি কোন সমস্যার সম্মুখীন হয় তবে প্রার্থীর নাম, **User ID**, মোবাইল নম্বর, পদের নাম, পেমেন্টের তথ্য উল্লেখ করে সমস্যার বিবরণসহ ইমেইল **[ ejobsupport@shmrmi.gov.bd ]** করতে পারবেন।




৪। ১নং ও ২নং ক্রমিকের ক্ষেত্রে জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী ১০ম গ্রেড (১৬,০০০-৩৮,৬৪০/- টাকা) এবং ৩নং ও ৪নং ক্রমিকের ক্ষেত্রে বেতনস্কেল ১১তম গ্রেডে (১২,৫০০-৩০,২৩০/- টাকা) প্রদেয় হবে।

৫। আবেদনকারীর সমগ্র শিক্ষা জীবনে ০১ (এক)টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/জিপিএ ২.৫ এর নীচে গ্রহণযোগ্য নয়।

৬। শিক্ষকগণের নিয়োগ হবে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে। পরবর্তীতে বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ ও সন্তোষজনক চাকুরির ভিত্তিতে স্থায়ীকরণ করা হবে।

৭। নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণ পেনশন সুবিধা প্রাপ্য হবেন না তবে, 'কনট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড'-এর সুবিধা প্রাপ্য হবেন।

৮। ১নং ও ২নং ক্রমিকের ক্ষেত্রে NTRCA কর্তৃক নিবন্ধনকৃত বৈধ সনদধারীগণ সহকারী শিক্ষক পদে আবেদন করবেন।

৯। সহকারী শিক্ষক ও জুনিয়র শিক্ষক পদে প্রার্থীদের প্রিলিমিনারি (প্রয়োজনে), লিখিত, মৌখিক ও পাঠদান/ব্যবহারিক পরীক্ষা নেয়া হবে।

১০। চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ করে আবেদন করতে হবে এবং উক্ত অনুমতি পত্র মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

১১। মৌখিক পরীক্ষার সময় আবশ্যিকভাবে মূল সনদসমূহ প্রদর্শন করতে হবে।

১২। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন দৈনিক/ভ্রমণ ভাতা প্রদান করা হবে না। এছাড়া আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধা সনদসহ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

১৩। নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত সর্বশেষ বিধি-বিধান অনুসরণ করা হবে।

১৪। উক্ত চাকুরি সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত প্রতিষ্ঠানসমূহে বদলিযোগ্য হবে।

১৫। চূড়ান্তভাবে নির্বাচিত ও পেমেন্ট ভেরিফাইড প্রার্থীদের **Online** এর মাধ্যমে প্রদানকৃত তথ্যের সঠিকতা যাচাইপূর্বক নিয়োগ প্রদানের সুপারিশ করা হবে। সুপারিশকৃত প্রার্থীদের পরবর্তীকালে কোনো সময়ে কোনো যোগ্যতার বা কাগজপত্রাদির ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা কোনো উল্লেখযোগ্য **(Substantive)** ভুলত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্রবিশেষে প্রার্থীকে ফৌজদারী আইনে সোপর্দ করা হবে। চাকুরিতে নিয়োগের পর এরূপ কোন তথ্য প্রকাশ পেলে বা প্রমাণিত হলে তাকে চাকুরি হতে বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে যে কোনো উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। প্রকাশিত ফলাফলে কোনো উল্লেখযোগ্য **(Substantive)** ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের ক্ষমতা সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৭। নিয়োগ সংক্রান্ত এ বিজ্ঞপ্তির সংশোধন/বাতিল/শূন্য পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধির ক্ষমতা করার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-
**মহাপরিচালক**
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা ক্যান্টনমেন্ট।